

**(11 নভেম্বর, 2025) তারিখে ভুটানের মহামহিম চতুর্থ রাজার 70তম জন্মবার্ষিকী উপলক্ষে  
আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অংশগ্রহণ করেন**

11 নভেম্বর, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভুটানের রাজা, রাজপরিবার, সরকার এবং ভুটানের জনগণের সাথে ভুটানের চতুর্থ রাজা জিগমে সিঙ্গে ওয়াংচুক-এর 70তম জন্মবার্ষিকী উপলক্ষে থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেন। এই উপলক্ষে, ভুটানের মহামহিম রাজার নেতৃত্বে দিল্লি বিস্ফোরণের ঘটনায় নিহতদের স্মরণে সমবেত ভাবে প্রার্থনা করা হয়।

2. প্রধানমন্ত্রী সমবেত জনগণের উদ্দেশ্যে ভাষণ দেন এবং ভারতীয় জনগণের তরফে ভুটানের মহামহিম চতুর্থ রাজা এবং ভুটানের জনগণকে উষ্ণ শুভেচ্ছা জানান। তিনি ভুটানের মহামহিম রাজার রূপান্তরমূলক রাজত্ব কালের প্রসঙ্গ তুলে ধরেন, যা ভুটানকে একটি আধুনিক রাষ্ট্রে এবং তাদের সাংবিধানিক গণতান্ত্রিক রাজতন্ত্রে পরিণত করেছিল। চতুর্থ রাজার নেতৃত্বে, ভুটান গ্রস ন্যাশনাল হ্যাপিনেসের অনন্য ধারণা চালু করেছে, যা স্থায়িত্বের সাথে অর্থনৈতিক বৃদ্ধির মিশ্রণ ঘটিয়েছে।

3. ভারত এবং ভুটানের মধ্যে বিশেষ বন্ধুত্বের ক্ষেত্রে তার অমূল্য অবদানের জন্য ভুটানের মহামহিম চতুর্থ রাজাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। মহামহিম, চতুর্থ রাজা দ্বিপাক্ষিক সহযোগিতার সমস্ত ক্ষেত্রে বছর ধরে ব্যক্তিগতভাবে ভারত-ভুটান অংশীদারিত্বকে নতুন আকার প্রদান করেছেন। প্রধানমন্ত্রী বলেন, যে এই সম্পর্ক ভুটানের মহামান্য রাজার নির্দেশনা এবং বুদ্ধিদীপ্ত পরামর্শ দ্বারা আরও উপকৃত হবে।

4. ভুটানের মহামহিম চতুর্থ রাজার দেখানো পথে হেঁটে আরও উন্নতির জন্য ভুটানের মহামহিম রাজার দৃষ্টিভঙ্গি এবং দৃঢ় প্রচেষ্টার প্রশংসা করেন প্রধানমন্ত্রী। তিনি ভুটান-এর তার মহান রাজার নেতৃত্বের অধীনে উল্লেখযোগ্য অগ্রগতির পাশাপাশি ভারত এবং ভুটানের মধ্যে স্থায়ী বন্ধুত্ব এবং ঘনিষ্ঠ অংশীদারিত্বের কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রীর সম্পূর্ণ ভাষণ এখানে দেখা যেতে পারে। (লিঙ্ক)

থিম্পু

11 নভেম্বর, 2025